# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 08-03-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর অনুষ্ঠানকে কেন্দ্র করে বিতর্কের প্রেক্ষিতে পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস সরকার সমস্ত সীমা লঙ্ঘন করেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন।

রাজ্য সরকারকে সাংবিধানিক কর্তব্য স্মরণ করিয়ে দিয়েছেন উপরাষ্ট্রপতি এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীও।

২) বিজেপি, রাষ্ট্রপতির অবমাননাকে রাজ্যের ইতিহাসে কালো দিন বলে উল্লেখ করেছে। রাষ্ট্রপতির অভ্যর্থনায় প্রোটোকল বিঘ্নিত হয়নি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

৩) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ রাজ্যে আসছে। আগামীকাল থেকে দফায় দফায় তারা বৈঠক করবেন।

৪) আর এন রবি, আগামী ১২ ই মার্চ পশ্চিমবঙ্গের ২২ তম রাজ্যপাল হিসাবে শপথ নেবেন।

৫) স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ ডি ও শিক্ষাকর্মী নিয়োগের লিখিত পরীক্ষা আজ।

৬) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক নারী দিবস পালিত হচ্ছে।

---

রাজ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর অনুষ্ঠানকে কেন্দ্র করে বিতর্কের প্রেক্ষিতে পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস সরকার সমস্ত সীমা লঙ্ঘন করেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। রাষ্ট্রপতির প্রতি অসম্মানের জন্য রাজ্য প্রশাসনকে দায়ী করেছেন প্রধানমন্ত্রী। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি লেখেন, রাষ্ট্রপতির পদ রাজনীতির ঊর্ধ্বে এবং এই পদের গরিমা সর্বদা রক্ষা করা উচিত। সাঁওতাল সংস্কৃতির মতো গুরুত্বপূর্ণ একটি বিষয়কে পশ্চিমবঙ্গ সরকার এত হালকাভাবে দেখছে যা অত্যন্ত দুর্ভাগ্যজনক।শ্রী মোদী লেখেন, রাষ্ট্রপতি এ ব্যাপারে যে দুঃখ ও আশঙ্কা প্রকাশ করেছেন,তাতে দেশবাসী মর্মাহত। পশ্চিমবঙ্গ সরকার ও তৃণমূল কংগ্রেসের শুভবুদ্ধির উদয় হবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন।

উপ-রাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন বলেছেন, রাষ্ট্রপতির পদ দেশের সর্বোচ্চ সাংবিধানিক পদ এবং সর্বদা যথাযথ মর্যাদা, প্রোটোকল ও সম্মান পাওয়া উচিত। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি উল্লেখ করেছেন, পশ্চিমবঙ্গে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সফরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে যে ঘাটতি দেখা গেছে তা দুর্ভাগ্যজনক। তিনি রাষ্ট্রপতির পদমর্যাদার পবিত্রতা সর্বদা বজায় রাখার উপর জোর দিয়েছেন।

পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস সরকার রাষ্ট্রপতির প্রোটোকল ভঙ্গ করে তাঁকে অসম্মান করেছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ মন্তব্য করেছেন। সামাজিক মাধ্যমের পোস্টে তিনি লেখেন এই ঘটনা তৃণমূল সরকারের অরাজক আচরণের নতুন নজির। মমতা ব্যানার্জীর সরকার নাগরিকদের সাংবিধানিক অধিকার লঙ্ঘন করার পাশাপাশি দেশের সর্বোচ্চ সাংবিধানিক পদকেও অসম্মান করেছে। রাষ্ট্রপতির প্রতি এই

অবমাননা জাতির প্রতি এবং গণতন্ত্রের মূল মূল্যবোধের অপমান বলে দাবি করা হয়েছে।

উল্লেখ্য, গতকাল শিলিগুড়ি মহকুমার গোঁসাইপুরে নবম আন্তর্জাতিক সাঁওতাল কনফারেন্সে যোগ দিয়ে রাষ্ট্রপতি অনুষ্ঠানের জায়গা পরিবর্তন নিয়ে অসন্তোষ প্রকাশ করেন।

মুখ্যমন্ত্রী বা রাজ্য সরকারের কোনো মন্ত্রী প্রোটোকল মেনে তাঁকে স্বাগত জানাতে আসেননি বলে তিনি উল্লেখ করেন।

বাইট

----------------

রাষ্ট্রপতির অবমাননা পশ্চিমবঙ্গের ইতিহাসে কালো দিন হিসেবে চিহ্নিত হয়ে থাকবে বলে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য অভিযোগ করেছেন।

বাইট

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর প্রোটোকল ভঙ্গের ঘটনা আসলে কোন ভুল নয়, বরং পরিকল্পিত অবমাননা। জনজাতি সমাজের কণ্ঠস্বর ও ঐতিহ্যকে উপেক্ষা করা হয়েছে। মমতা ব্যানার্জী সব কিছুতেই রাজনৈতিক লাভ লোকসান খোঁজেন বলেও উল্লেখ করেন তিনি।

----------------

রাষ্ট্রপতির অভ্যর্থনায় কোন প্রটোকল বিঘ্নিত হয়নি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। গতরাতে এক্স হ্যান্ডলে পোস্ট করে তিনি জানান, রাষ্ট্রপতির কর্মসূচির আয়োজক ‘আন্তর্জাতিক সাঁওতাল কাউন্সিল’ একটি বেসকরকারি সংস্থা। তাঁর কর্মসূচির

বিষয়েও রাষ্ট্রপতির সচিবালয়ের সঙ্গে জেলা প্রশাসন সমন্বয় রক্ষা করেছিল। পর্যাপ্ত প্রস্তুতি নেই বলে রাষ্ট্রপতির সচিবালয়কে জানানো হলেও কর্মসূচি অপরিবর্তিত রাখা হয়। শনিবার শিলিগুড়ির মেয়র, দার্জিলিংয়ের জেলাশাসক সকলেই রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানাতে হাজির ছিলেন।

-----------------

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ এরাজ্যে আসছেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ আজ রাত সওয়া ৮ টা নাগাদ কলকাতা বিমানবন্দরে পৌঁছবেন। বিমানবন্দরে মুখ্য নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার সহ পূর্নাঙ্গ বেঞ্চকে স্বাগত জানাবেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। আগামীকাল ৯ই মার্চ সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত নির্বাচন কমিশন এরাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসবে। রাজারহাটে আয়োজিত ওই বৈঠকে BJP, BSP, CPI(M), কংগ্রেস, আম আদমি পার্টি ও NPP (ন্যাশানাল পিপিলস পার্টি) সহ জাতীয় স্তরে স্বীকৃত ৬টি এবং তৃণমূল কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক সহ রাজ্যস্তরে স্বীকৃত এই দুটি দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

বাইট

ওই বৈঠকে যোগদানের জন্য ইতিমধ্যে সংশ্লিষ্ট দলগুলিকে আমন্ত্রণ পাঠানো হয়েছে। ঐদিন সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত প্রতিটি রাজনৈতিক দলের জন্য ১৫ মিনিট করে সময় বরাদ্দ করা হয়েছে। ওইদিন কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলির নোডাল অফিসরাদের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি নির্বাচনের প্রস্তুতি

পর্যালোচনা করতে রাজ্য পুলিশের IG, বিভিন্ন রেঞ্জের DIG, পুলিশ কমিশনার, জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ সুপারদের সঙ্গে আলোচনায় বসবেন।

আগামী মঙ্গলবার ১০'ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ রাজ্যের মুখ্য সচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশের ডিজি, SPNO, কেন্দ্রীয় বাহিনীর নোডাল অফিসার সহ প্রশাসনের বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। ওইদিনই বুথ লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, মুখ্য নির্বাচন কমিশনার আসার আগেই আজ দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও। ওই দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল।

---------------

বিজেপির পরিবর্তন যাত্রা কর্মসূচিতে আজ ৯টি জায়গায় সভা হবে। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপি সাংসদ অনুরাগ ঠাকুর আজ দুপুর ১২টায় নৈহাটিতে পরিবর্তন যাত্রা ও জনসভায় উপস্থিত থাকবেন। **কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র দুবে** দুপুর তিনটের সময় পুরুলিয়ার মানবাজারে পরিবর্তন যাত্রা এবং জনসভায় অংশ নেবেন। অপর **কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বি এল ভার্মা** বিকেল পাঁচটায় কালনায় পরিবর্তন যাত্রায় যোগদান করবেন ও জনসভায় বক্তব্য রাখবেন। অন্যদিকে বিহারের **উপমুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী** জলপাইগুড়ির মাল বিধানসভা কেন্দ্রে পরিবর্তন যাত্রা ও জনসভায় অংশ নেবেন। সবকটি কর্মসূচিতেই উপস্থিত থাকবেন বিজেপির রাজ্য নেতৃত্ব।

---------------

পশ্চিমবঙ্গের ২২-তম রাজ্যপাল হিসেবে আগামী ১২-ই মার্চ শপথ নেবেন আর এন রবি। এজন্য আগামী ১১ই মার্চ রাজ্যে আসছেন তিনি। নবান্ন সূত্রে এখবর জানা গেছে।

উল্লেখ্য, রাজ্যপাল সি ভি আনন্দ বোস গত বৃহস্পতিবার সন্ধ্যায় দিল্লিতে থাকাকালীন রাজ্যপাল পদে ইস্তফা দেন। শারীরিক অসুস্থতার কারণ দেখান তিনি। এরপরই আর এন রবিকে পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসেবে নিয়োগ করা হয়।

-----------------

স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-ডি শিক্ষাকর্মী নিয়োগের লিখিত পরীক্ষা আজ। ৫ হাজার ৪৮৮ টি শূন্যপদের জন্য পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৮ লক্ষ ৯ হাজার। মোট ১ হাজার ৭০৭টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে।

পরীক্ষায় স্বচ্ছতা বজায় রাখতে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে পরীক্ষাকেন্দ্রগুলিতে। সকাল ১০টায় পরীক্ষাকেন্দ্রে ঢুকতে হবে পরীক্ষার্থীদের। মেটাল ডিটেক্টর দিয়ে তাদের তল্লাশি করা হবে। পরীক্ষার্থীদের চটি পরে যেতে হবে। অ্যাডমিট কার্ড ও সরকারি পরিচয়পত্র নিয়ে যেতে হবে। পরীক্ষা শুরু দুপুর ১২ টায়। চলবে ১ ঘণ্টা ২০ মিনিট।

-----------------

রাজ্য সরকার সুপ্রিম কোর্টে আবেদন করে কর্মচারীদের পাওনা ডিএ মেটানোর জন্য বাড়তি সময় চাইলেও যুবসাথী প্রকল্পের অর্থ ঘোষিত সময়ের আগে আবেদনকারীদের একাউন্টে দিয়ে দিয়েছে। গতকাল থেকেই এই অর্থ পেতে শুরু করেছেন আবেদনকারীরা। ভোটের স্বার্থে এই প্রকল্পের টাকা দিয়ে দিলেও DA দেবার

ব্যপারে রাজধর্ম পালন করছে না বলে সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ মন্তব্য করেছেন।

বাইট

-----------------

বিশ্বজুড়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক নারী দিবস পালিত হচ্ছে। নারীর সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, সাংস্কৃতিক অধিকারের প্রতিষ্ঠা করার লক্ষ্যে বিশ্বজুড়ে দিনটি উদযাপিত হয়ে থাকে।

একটি প্রতিবেদন-

-----------------

বাতাসে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ এবং ওড়িশার ওপর ঘূর্ণাবর্তের প্রভাবে উত্তর ও দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় আগামী দুদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস। উপকূলবর্তী জেলাগুলিতেও হাল্কা বৃষ্টির সম্ভাবনা বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের তুলনায় ২ ডিগ্রিরও বেশি।

----------------- -----------------